

ভিসির অপসারণ দাবি ও শিক্ষকদের ওপর হামলার প্রতিবাদ

রংপুর খবর

রংপুর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ভিসির অপসারণের দাবিতে শিক্ষক, শিক্ষার্থী ও কর্মচারীদের ওপর হামলাসহ এমিড নিষ্ক্ষেপের প্রতিবাদে রংপুর জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে মানববন্ধন, ভিসি অফিস ঘেরাও, বিক্ষোভ সমাবেশ করা হয়েছে। জামদ, বাসদ, ওয়ার্কার্স পার্টি, বাংলাদেশের কমিউনিস্ট পার্টি ও গণতান্ত্রিক পার্টির সহ এই হামলার চ্যত্র সংগঠন এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী ও কর্মচারীদের উদ্দেশ্যে এই কর্মসূচি পালন করা হয়। বেলা ১১টা থেকে বেলা ১টা পর্যন্ত এ কর্মসূচি শেষে আন্দোলনকারীদের পক্ষ থেকে বিশ্ববিদ্যালয়ের চ্যাঞ্জেস ও রাষ্ট্রপতিসহ প্রধানমন্ত্রীর জেলা প্রশাসকের মাধ্যমে স্মারকসিপি প্রদান করা হয়েছে। উল্লেখ্য, রংপুর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. নূ. আবদুল জলিল নিয়ার সীমাহীন দুর্নীতি, অনিয়ম ও আত্মীকরণসহ নানা অজিযোগের পরিপ্রেক্ষিতে দুর্নীতি বিরোধী মঞ্চ নামে গড়ে ওঠা সংগঠনের পক্ষ থেকে শিক্ষক, শিক্ষার্থী ও কর্মচারীদের এই চন্দন আন্দোলনে রংপুরে বিভিন্ন রাজনৈতিক দল ও সামাজিক সংগঠন সংহতি প্রকাশ করে তারা পৃথক আন্দোলন শুরু করেছে। এই আন্দোলন চলাকালে বৃহস্পতিবার ভিসির পক্ষ নিয়ে ছাত্রলীগ নামধারী একদল সন্ত্রাসী আন্দোলনকারীদের ওপর হামলা চালায় এবং এমিড নিষ্ক্ষেপ করে। এতে এমিড হামলার শিকার হন ব্যবস্থাপনা বিভাগের শিক্ষক ড. মতিউর রহমান ও বাংলা বিভাগের শিক্ষক ড. ডুহিন ওয়াদুদ। তারা রংপুর বৈজ্ঞানিক কলেজ হাসপাতালে চিকিৎসাধীন। এই ঘটনায় শিক্ষক-শিক্ষার্থীসহ মোট ২৫ জন আহত হন। এর প্রতিবাদে এবং ভিসির পছন্দাঙ্গের দাবিতে ওরফাত ও রংপুর প্রেস ক্লাবের সামনে মানববন্ধন ও বিক্ষোভ সমাবেশ করেছে বিশ্ববিদ্যালয়ের আন্দোলনকারীরা। এসব ঘটনার উদ্বেগ প্রকাশ করে শনিবার রংপুরে জামদ, বাসদ, সিপিবি, গণতন্ত্রী পার্টি ও ওয়ার্কার্স পার্টি এক অসং

বৈঠক শেষে আন্দোলনের প্রতি সংহতি প্রকাশ করে। রংপুর তাদের পক্ষ থেকেও পাঁচ দলের নামে পৃথক ব্যানারে জেলা প্রশাসকের কার্যালয় ঘেরাও করে রাষ্ট্রপতি ও চ্যাঞ্জেস এবং প্রধানমন্ত্রীর স্মারকসিপি প্রদান ও বিক্ষোভ সমাবেশ করা হয়। এই সময় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী ও কর্মচারীরা তাদের পূর্ব ঘোষিত আন্দোলন কর্মসূচি পালন করে। মানববন্ধন চলাকালে বিক্ষোভ সমাবেশ করত রংগন গণতন্ত্রী পার্টির সভাপতি আরশাদ হুসুয়ন, ওয়ার্কার্স পার্টির সভাপতি নজরুল ইসলাম হাভানী, সিপিবি সভাপতি শাহাদৎ হোসেন, বাসদের সভাপতি আবদুল কুদ্দুস, জামদের রংপুর জেলার সাধারণ সম্পাদক সাখাওয়াত রাসা, নাট্যযুক্তিত্ত বিদ্রম প্রসাদ, জামদ নেতা গৌতম রায়, সহকারী অধ্যাপক আশরাফুল আলম, গাছীপুর রহমান, মোঃ ইলিয়াছ প্রামাণিক, আপেল হাবুদুন, সহযোগী অধ্যাপক ড. তাজুল ইসলাম, সহযোগী অধ্যাপক ড. এম আর হাফিজুর রহমান, প্রজ্ঞাঙ্ক ওমর ফারুক, সানোয়ার শিরাজ, শিক্ষার্থী মাদনুর রহমান, ননোয়ার হোসেন, রোকুনুজ্জামান, তৌহিদুর রহমান, উৎপল কুমার, তুত আমন লিটন, মাদিনিস ওয়াকিল মুন প্রনুপ। বক্তারা বলেন, দুর্নীতির দায়ে রংপুর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ভিসিকে অপসারণ না করা পর্যন্ত রংপুরে আন্দোলন চলবে। প্রয়োজনে রংপুর বিভাগ হস্ততাস করে অচল করে দেয়া হবে। ভিসি বিশ্ববিদ্যালয়ে যোগদানের পর থেকে দুর্নীতির মাধ্যমে কেউ কোটি টাকা হাতিয়ে নিয়েছেন। বিশ্ববিদ্যালয়কে পরিবারিক বিশ্ববিদ্যালয়ে রূপান্তর করেছেন। তার বিরুদ্ধে আন্দোলন করতে গেলেই ওগাবাদিনী দিয়ে আন্দোলনকারীদের ওপর নির্ভাতন করা হয়। মানববন্ধন ও সমাবেশ শেষে জেলা প্রশাসকের কার্যালয় ঘেরাও করে ৭ দফা দাবি নিয়ে একটি স্মারকসিপি জেলা প্রশাসক হরিদ আহমেদের কাছে দেয়া হয়।

